


“মাছের পোনা বিক্রয়কেন্দ্রে সিষ্টার্ন/স্থান বরাদ্দের বিজ্ঞপ্তি”

স্মারক নং: ৩৩.০২.৪১০০.৪০০.৮৭.০০১.২১.

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩১
২৩ এপ্রিল ২০২৪

যশোরস্থ চাঁচড়ায় মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্মিত মাছের পোনা বিক্রয়কেন্দ্রের বাতিলকৃত ২৮(আটাশ) টি সিষ্টার্ন এবং ৪২ (বিয়াল্লিশ)টি স্থান পুনঃবরাদ্দের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১. এলাকার প্রকৃত পোনা বিক্রেতা যারা পোনা বিক্রয়কেন্দ্র সংযুক্ত এলাকায় ন্যূনতম ৫ বছর যাবৎ পোনা বিক্রয় করে আসছেন। শুধুমাত্র তারাই নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে পারবেন।
২. নির্ধারিত আবেদন ফরম এই বিজ্ঞপ্তি জারির পরের কর্মদিবস হতে আগামী ১৯.০৫.২০২৪ খ্রি. পর্যন্ত আবেদন করা যাবে। অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, যশোর সদর, যশোর এর দপ্তর হতে সিষ্টার্নের জন্য ৩০০/- টাকা এবং স্থানের জন্য ১০০/- টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করে জমা দিতে হবে।
৩. আবেদনের সাথে জেলা মৎস্য অফিসার, যশোর এর অনুকূলে প্রতি সিষ্টার্ন বরাদ্দের জন্য জামানত হিসাবে ২০,০০০/ (বিশ হাজার) টাকা এবং স্থান বরাদ্দের জন্য জামানত হিসাবে ৬,০০০/- (ছয় হাজার) টাকার বিপরীতে যে কোন ব্যাংকের পে-অর্ডার (যা বরাদ্দপ্রাপ্ত হলে অফেরতযোগ্য হিসাবে গণ্য হবে) সংযুক্ত করতে হবে। আবেদনকারীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের কপি, পোনা বিক্রেতা সমিতির সদস্য হলে সমিতির সভাপতি কর্তৃক সমিতিভুক্ত সদস্য হিসাবে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
৪. একজন আবেদনকারী একটি মাত্র সিষ্টার্ন বা স্থান বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন।
৫. মাছের পোনা বিক্রয়কেন্দ্র ব্যবস্থাপনা ও চৌবাচ্চা/স্থান বরাদ্দ সংক্রান্ত জেলা কমিটির ২৮/০২/২০২৪ খ্রি.তারিখের সভার সিদ্ধান্ত এবং সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, যশোর সদর, যশোর দপ্তরের পত্র নম্বর: ৩৩.০২.৪১৪৭.৫০১.৩৭.০০৩. ২১.৮৫/১(৭২), তারিখঃ ২৯ ফেব্রুয়ারি-২০২৪ খ্রি. মোতাবেক “মাছের পোনা বিক্রয় কেন্দ্র পরিচালনা নির্দেশিকা, ২০২০” এর আলোকে কোন বরাদ্দগ্রহীতার বরাদ্দ বাতিল করা হলে তিনি এই নির্দেশিকার অধীনে আর আবেদন করতে পারবেন না।
৬. তথ্যগত বা ডকুমেন্ট সংযুক্তিজনিত অসম্পূর্ণ আবেদন বাতিল হবে।
৭. পোনা বিক্রয়কেন্দ্রের সকল প্রকার কার্যক্রম “মাছের পোনা বিক্রয়কেন্দ্র পরিচালনা নির্দেশিকা, ২০২০” অনুযায়ী পরিচালিত হবে।


২৩/৪/২০২৪

(সরকার মুহাম্মদ রফিকুল আলম)

পরিচিতি নম্বর-০০২৬২

জেলা মৎস্য অফিসার

যশোর


মোবাইল নং-০১৭৬৯-৪৫৯৪৮৬

ই মেইলঃ dfojessore@fisheries.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্যভবন, বাংলাদেশ, ঢাকা।
- ০২ মনোযোগঃ উপপরিচালক (মৎস্য চাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্যভবন, রমনা, ঢাকা।
- ০৩ উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ০৪ জেলা প্রশাসক, যশোর।
- ০৫ মেয়র, যশোর পৌরসভা, যশোর।
- ০৬ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।
- ০৭ পিএসও, বিএফ আর আই, যশোর।
- ০৮ জেলা সমবায় অফিসার, যশোর।
- ০৯ উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
- ১০ সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, যশোর সদর, যশোর।
- ১১ খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, যশোর সদর, যশোর।
- ১২ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।
- ১৩ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর।
- ১৪ হ্যাচারী মালিক সমিতি, যশোর সদর, যশোর।
- ১৫ মৎস্যচাষী কল্যাণ সমিতি, যশোর সদর, যশোর।
- ১৬ পোনা বিক্রয় সমিতি, যশোর সদর, যশোর।
- ১৭ জনাব.....
- ১৮ দপ্তর নথি।

বহল প্রচারের অনুরোধসহ


26/08/2024

(সরকার মুহাম্মদ রফিকুল আলম)

পরিচিতি নম্বর-০০২৬২

জেলা মৎস্য অফিসার

যশোর

মোবাইল নং-০১৭৬৯-৪৫৯৪৮৬

ই মেইলঃ dfjessore@fisheries.gov.bd